# উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি, আদিতমারী, লালমনিরহাট।
স্থানঃ সভাকক্ষ, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
তারিখঃ ২৫/০৬/২০২৫ ইং
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
এজেন্ডাঃ ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক অগ্রগতি আলোচনা
২। প্রস্তাবিত কার্যক্রম অনুমোদন
৩। অন্যান্য

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সদস্য সচিবকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনো সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। এরপর সভায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর চলমান কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষ করে মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা, ইপিআই কার্যক্রম, পরিবার পরিকল্পনা, বেড অকুপেন্সি রেট, ANC/PNC সেবা, অপুষ্টি প্রতিরোধ, জরুরি মাতৃসেবা ও প্রাথমিক চিকিৎসা সেবার অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নোক্ত প্রস্তাবসমূহ উপস্থাপন করেনঃ

| ক্রম | বিষয় | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কার্যক্রম | (ক) ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্যসেবার মান উন্নয়নে জনবল ঘাটতি দ্রুত পূরণকরণ<br>(খ) হাসপাতালে প্রসূতি সেবার মানোন্নয়ন ও জরুরি ঔষধের প্রাপ্যতা নিশ্চিত করা<br>(গ) পরিবার পরিকল্পনা কার্যক্রমে জনসচেতনতা বৃদ্ধি ও মাঠপর্যায়ে মনিটরিং জোরদার করা<br>(ঘ) টিকাদান কার্যক্রমে শতভাগ অর্জনের লক্ষ্যে বিশেষ উদ্যোগ গ্রহণ<br>(ঙ) বেড অকুপেন্সি শতভাগ আর্জন এবং সেবার মান বৃদ্ধি ও রোগী আকৃষ্ট করার উদ্যোগ গ্রহণ<br>(চ) কমিউনিটি ক্লিনিকসমূহে নিয়মিত সেবা, ঔষধ সরবরাহ ও উপস্থিতি নিশ্চিত করা।<br>(ছ) জুলাই-আগষ্ট ২০২৪ গণঅভ্যুত্থানে আহত স্বাস্থ্য কার্ডধারীগণকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান | সভায় উপস্থাপিত প্রস্তাবসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয় এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসারকে কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, আদিতমারী, লালমনিরহাট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৬/২৫

(বিধান কান্তি হালদার)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
আদিতমারী, লালমনিরহাট

CamScanner